

LESSON
4

だいがく にほんご べんきょう
大学で日本語を勉強します

Daigaku de Nihongo o
benkyoo-shimasu

বিশ্ববিদ্যালয়ে জাপানি ভাষা অধ্যয়ন করবো।



আজকের স্ক্রিপ্ট

タム : これ、どこですか。

এটা কোথায়?

তাম : Kore, do'ko de'su ka.

ミーヤー: 沖縄です。

ওকিনাওয়া

মি ইয়া : Okinawa de'su.

タム : へえ。

বাহ!

তাম : Hee.

ミーヤー: これは京都です。

এটা হচ্ছে কিয়েওতো নগরী

মি ইয়া : Kore wa Kyo'oto de'su.

京都はとてもきれいですよ。

কিয়েওতো নগরী খুবই সুন্দর।

Kyo'oto wa totemo ki'ree de'su yo.

タム : そうですね。

ঠিক তাই

তাম : So'o de'su ne.

ミーヤー: タムさんは日本で何をしますか。

তাম-সান, জাপানে আপনি কী করবেন?

মি ইয়া : Ta'mu-san wa Niho'n de na'ni o shima'su ka.

タム : 大学で日本語を勉強します。

বিশ্ববিদ্যালয়ে জাপানি ভাষা অধ্যয়ন করবো।

তাম : Daigaku de Nihongo o benkyoo-shima'su.

ミーヤー: いいですね。

দারুণ।

মি ইয়া : 'i de'su ne.

タム : はい、楽しみです。

হ্যাঁ, আমি আগ্রহভরে অপেক্ষা করছি।

তাম : Ha'i, tanoshi'mi de'su.

শব্দার্থ

だいがく
大学 বিশ্ববিদ্যালয়

daigaku

にほんご
日本語 জাপানি ভাষা

Nihongo

べんきょう
勉強する অধ্যয়ন করা, পড়াশোনা করা

benkyoo-suru

মূল বাক্য

だいがく にほんご べんきょう
大学で日本語を勉強します。

Daigaku de Nihongo o benkyoo-shima¹su.

বিশ্ববিদ্যালয়ে জাপানি ভাষা অধ্যয়ন করবো।

আপনি কী করতে যাচ্ছেন তা বলতে চাইলে জাপানি ক্রিয়াপদের মাস-রূপ ব্যবহার করতে হবে (অর্থাৎ ক্রিয়ার যে রূপটিতে শেষে -মাস যুক্ত থাকে), যেমন “বেংকিয়োগু শিমা¹সু” বা “অধ্যয়ন করবো”। এই ক্রিয়ারূপ মার্জিত ভাষায় ব্যবহার করা হয়। কোথায় হবে তা বোঝাতে স্থানের নামের পরে “দে” পাটিকেল বসে। জাপানি কর্মপদের পরে “ও” পাটিকেল বসে। জাপানি বাক্যের সবশেষে থাকে ক্রিয়াপদ।

আসুন চর্চা করি!

にほん かに
日本で何をしますか。

Niho¹n de na¹ni o shima¹su ka.

か もの
買い物します。

Kaimono o shima¹su.

জাপানে আপনি কী করবেন?
 আমি কেনাকাটা করবো।



এটাও চেষ্টা করি!

[কর্মপদ]を～ます。 আমি XXX [কর্মপদ] করবো।

[কর্মপদ]o～ma¹su.

① 天ぷら

tenpura

টেম্পুরা

② 食べます (食べる)

tabema¹su (tabe¹ru)

খাবো (খাওয়া)

③ 歌舞伎

kabuki

কাবুকি

④ 見ます (見る)

mima¹su (mi¹ru)

দেখবো (দেখা)



বোনাস বাক্য

たの
楽しみです。

Tanoshi¹mi desu.

আগ্রহভরে অপেক্ষা করছি।

এই বাক্যটি কোন সুনির্দিষ্ট ব্যাপার ঘটান প্রত্যাশায় তা উপভোগ বা তাতে অংশগ্রহণে বক্তার উৎসাহ বা আগ্রহ প্রকাশ করে।



মি ইয়ার'র ট্রাভেল গাইড

জাপানের বিভিন্ন স্থানের নৈসর্গিক সৌন্দর্য

জাপান জুড়ে বছরে সুস্পষ্টভাবে চারটি ঋতুর দৃশ্যপট উপভোগ করা যায়। যেমন, জাপানের বসন্তকাল মানেই চেরি ফুল বা সাকুরা ফোটার মৌসুম। এই পাঠে উল্লেখ করা কিয়োওতো নগরী চেরি ফুলের জন্য বিখ্যাত। গ্রীষ্মকালে পর্বতারোহণ আর সাগর সৈকতের সৌন্দর্য উপভোগ করতে লোকজন ছুটে যায় দূর-দূরান্তে। শরতের সবচেয়ে বড় আকর্ষণ হল জাপান জুড়ে গাছপালা আর পত্রপল্লবের উজ্জ্বল রঙের বর্ণ ধারণা আর শীতকালের আকর্ষণ তুষারপাত। স্কি এবং শীতকালীন বিভিন্ন স্পোর্টস-এ মেতে ওঠার এটাই সময়।

কিয়োওতো



©Ninnaji-Temple

হোঙ্কাইদোও




©Niseko Village

ওকিনাওয়া



©OCVB

নিক্কোও, তোচিগি জেলা



©Nikko Toshogu Shrine

উত্তর

- ① 天ぷらを食べます。
- ② 歌舞伎を見ます。

Tenpura o tabema'su.

Kabuki o mima'su.